দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 10 JUL ...
পৃষ্ঠা ... 3 কলাম 2

125

053

# ফল প্রকাশ স্থগিত ॥ ৬০ জন ডিগ্রী পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

চাঁদপুর সংবাদদাতা জানান, সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশিত হইলেও চাঁদপুর সরকারী কলেজের ৬০জন পরীক্ষার্থীর ফলাফল স্থগিত থাকায় এই সকল পরীক্ষার্থী অনিশ্চয়তার মধ্যে দিন কাটাইতেছে। এই ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯ জন বি,এ (অনিয়মিত), ১৭জন বি,এ (প্রাইভেট); ১৬ জন বি,কম; ৬ জন বি,এস-সি ও ২জন বি,এ/বিকম (রেফার্ড) পরীক্ষার্থী।

গত ৩০শে জুন চাঁদপুরে এক সাংবাদিক সম্মেলনে এই ৬০ জন পরীক্ষার্থী জানায়, তাহারা যথা-রীতি পরীক্ষা দেয়

(৪র্থ পৃঃ

নকলের অভিযোগ আনিয়া বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট গোপন রিপোর্ট প্রেরণ করেন। পরে পরীক্ষার্থীরা অধ্যক্ষ ও উপাধ্যক্ষকে একত্র করিয়া বিষয়টি জানিতে চাহিলে তাহারা পরস্পর বিরোধী বক্তব্য রাখেন এবং পরীক্ষার্থীদের বিরুদ্ধে কোনরূপ ব্যবস্থা গ্রহণ না করার অনুরোধ জানাইয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আলাদা আলাদা প্রতিবেদন প্রেরণ করেন। ৪ঠা জুলাই শেষ খবর পাওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে এ ব্যাপারে কোন সঠিক উত্তর পাওয়া যায় নাই। সাংবাদিক সম্মেলনে পরীক্ষার্থীরা ঘটনার সুষ্ঠু তদন্ত এবং তাহাদের স্থগিত ফলাফল প্রকাশের দাবী জানায়।